

# বাংলাদেশ ব্যাংক

Website: www.bangladesh-bank.org  
www.bangladeshbank.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৩

১৩ পৌষ, ১৪১৮ বঙ্গাব্দ।

তারিখঃ -----

২৭ ডিসেম্বর, ২০১১ খ্রীষ্টাব্দ।

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক-কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

## ইসলামী ইন্টারব্যাংক ফান্ড মার্কেট (Islami Interbank Fund Market) প্রসঙ্গে

বাংলাদেশে কার্যরত সকল ইসলামী শরীয়াহ্ ভিত্তিক তফসিলি ব্যাংক-কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠান এবং প্রচলিত ধারার তফসিলি ব্যাংক-কোম্পানীর ইসলামী ব্যাংকিং শাখাসমূহের তারল্য ব্যবস্থাপনাকে অধিকতর সুসংহত করার লক্ষ্যে Islami Interbank Fund Market (IIFM) চালুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এখন হতে নিম্নোক্ত নীতিমালা অনুসরণপূর্বক ইসলামী শরীয়াহ্ ভিত্তিক তফসিলি ব্যাংক-কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠান এবং প্রচলিত ধারার তফসিলি ব্যাংক-কোম্পানীর ইসলামী ব্যাংকিং শাখাসমূহ Islami Interbank Fund Market (IIFM)-এ লেনদেন সম্পন্ন করতে পারবেঃ

- ১) ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং প্রচলিত ধারার ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখাগুলো তাদের বিনিয়োগ উদ্ভূত তহবিল ইসলামী বন্ড ফান্ডের (IBF) নিকট দৈনিক ভিত্তিতে হস্তান্তর করতে পারে।
- ২) ইসলামী বন্ড ফান্ড কাস্টডিয়ান হিসেবে এই তহবিল গ্রহণ করবে। প্রতিদিনের হিসেবে মোট প্রাপ্ত তহবিলের বিনিয়োগকৃত অর্থের উপর অর্জিত মুনাফা তহবিল সরবরাহকারীদের মধ্যে আনুপাতিক হারে সাময়িকভাবে বন্টিত হবে। সাময়িকভাবে বন্টিত মুনাফা বছর শেষে (জানুয়ারী-ডিসেম্বর) তহবিল গ্রহীতা কর্তৃক ঘোষিত চূড়ান্ত মুনাফার হার অনুসারে সমন্বিত হবে। ইসলামী বন্ড ফান্ড কাস্টডিয়ান হিসেবে কাজ করায় তহবিল বিনিয়োগ না হলে তহবিল দাতাগণ কোন মুনাফা প্রাপ্য হবেন না।
- ৩) সকল লেনদেন মুদারাবা ভিত্তিতে সম্পাদিত হবে।
- ৪) ইসলামী বন্ড ফান্ড কর্তৃক নির্ধারিত Profit Sharing Ratio (PSR) অনুসারে গ্রহীতাকে (ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং প্রচলিত ধারার ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখা) পর্যাপ্ততা সাপেক্ষে তহবিল সরবরাহ করা হবে।
- ৫) তহবিল গ্রহীতা কর্তৃক ঘোষিত বিভিন্ন মেয়াদী আমানতের সাময়িক মুনাফার হার অনুসারে মুনাফার হার নির্ধারিত হবে। মুনাফার হার নির্ধারণে (মেয়াদী আমানতের প্রকার) সময়ে সময়ে ইসলামী বন্ড ফান্ডের সিদ্ধান্ত চূড়ান্ত হবে। ইসলামী বন্ড ফান্ড কর্তৃক নির্ধারিত মেয়াদী আমানত কোন তহবিল গ্রহীতার না থাকলে পরবর্তী মেয়াদের সাময়িক মুনাফার হার ব্যবহৃত হবে।
- ৬) মেয়াদান্তে তহবিল গ্রহীতাকে নির্ধারিত PSR অনুসারে মুনাফাসহ মূল টাকা পরিশোধ করতে হবে। সাময়িকভাবে পরিশোধিত মুনাফা বছর শেষে (জানুয়ারী-ডিসেম্বর) তহবিল গ্রহীতা কর্তৃক ঘোষিত চূড়ান্ত মুনাফার হার অনুসারে সমন্বিত হবে।
- ৭) গৃহীত তহবিলের মেয়াদ ১ দিন (Overnight) হবে, তবে ছুটি থাকলে তা পরবর্তী কার্যদিবস পর্যন্ত বর্ধিত হবে।
- ৮) তহবিল লেনদেনের ক্ষেত্রে ইসলামী বন্ড ফান্ড কর্তৃক নির্ধারিত অন্যান্য নীতিমালা পরিপালন করতে হবে।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(কে, এম, গাওছুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৬